

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সক্ষমতা উদযাপনে সঙ্গী হলেন মিম

✍ ফিচার ডেস্ক

🕒 প্রকাশিত: ১২:০৩ পিএম, ১০ জুন ২০২৩



৯ জুন খিলক্ষেত বড়ুয়া বাগান বাড়ি মেট্রোপলেক্স' সেজেছিল বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অনন্য ক্ষমতার উদযাপনের কেন্দ্রবিন্দু হিসেবে। এই উদযাপনে সঙ্গী হন অভিনেত্রী বিদ্যা সিনহা সাহা মিম।

অনুষ্ঠানটির নাম দেওয়া হয় ইনক্রেডিবল কিডস ডে আউট ২০২৩। এই আয়োজন করে ইনক্রেডিবল। যারা বাংলাদেশের শীর্ষস্থানীয় ওয়ান স্টপ প্রারম্ভিক শিশু হস্তক্ষেপ কেন্দ্র। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অনন্য ক্ষমতার উদযাপন এবং সমর্থন করার জন্য এই আয়োজন।

অনুষ্ঠানের প্রাথমিক কেন্দ্রবিন্দু ছিল সামাজিক অন্তর্ভুক্তির প্রচার করা। এছাড়াও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে পারস্পারিক অংশগ্রহণ, খেলার মাধ্যমে সামাজিক দক্ষতা বিকাশ করতে চায় আয়োজক প্রতিষ্ঠান। যেন অংশগ্রহণকারীদের মধ্যে সামাজিক সচেতনতা বাড়ে। সন্তানের বিকাশের যাত্রায় পিতামাতার জড়িত থাকার গুরুত্বের উপর জোর দেওয়া অনুষ্ঠানে।

আরও পড়ুন: খাদ্য ভেজালের দৌরাতে হুমকির মুখে শিশুরা

অনুষ্ঠানে অংশ নিয়ে বিদ্যা সিনহা সাহা মিম জানান, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সঙ্গে সময় অতিবাহিত করে তিনি খুবই আনন্দিত। এজন্য তিনি আয়োজক প্রতিষ্ঠান ইনক্রেডিবল'কে ধন্যবাদ জানান।

বিদ্যা সিনহা সাহা মিম আরও বলেন, 'বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি একটি ইতিবাচক মনোভাব উন্নীত করা একটি সামাজিক দায়িত্ব'।

ইনক্রেডিবলের চেয়ারম্যান মো. তৌকির আহমেদ বলেন, 'অল্পবয়সী শিশুদের এবং তাদের পরিবারের ক্ষমতায়নে অসাধারণ চিকিৎসা সেবা এবং ব্যক্তিগত যত্ন প্রদান করতে ইনক্রেডিবল বদ্ধ পরিকর'।

কেএসকে/এএসএম